# শহীদ মিনারে শিক্ষার্থীদের আমরণ অনশন শুরু

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল সকালে পূর্ব ঘোষিত কর্মসূচী মোতাবেক নির্যাতন বিরোধী ছাত্র-ছাত্রীরা সকাল দশটায় কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশন শুরু করে। অনশনে পাঁচ শতাধিক ছাত্র-ছাত্রী অংশ নেয়। বেলা বাড়ার সাথে সাথে ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়তে থাকে। একের পর এক সহানুভূতিশীল শিক্ষকরা অনশন কর্মসূচীতে একাত্মতা প্রকাশ করতে থাকেন। একাত্মতা প্রকাশকারী শিক্ষকরা হচ্ছেন বাংলা একাডেমীর সাবেক মহাপরিচালক ডঃ আনোয়ার হোসেন, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক গাজী হারুন রশিদ

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## শহীদ মিনারে আমরণ

(প্রথম পৃষ্ঠার পর)

ডঃ হোসেন মনসুর, সমাজ বিজ্ঞান বিভাগের ফখরুল আমীন, তাজউদ্দিন আহমেদ, অর্থনীতি বিভাগের এ.কে.এম গোলাম মহিউদ্দিন প্রমুখ। অনশনরত ছাত্র-ছাত্রীরা দিনভর গণসংগীত, ব্যঙ্গাত্মক ছড়া ও শ্লোগানে শ্লোগানে শহীদ মিনার চত্বর প্রতিবাদে মুখরিত করে তোলে। দুপুর দু'টায় রোকেয়া হলে অবরুদ্ধ নয় ছাত্রী মুক্ত হয়ে শহীদ মিনারে উপস্থিত হলে ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয়। অবরুদ্ধ নয় ছাত্রীরা হচ্ছেঃ সোনিয়া আফরোজ, সাংমা প্রু জলি, তনিমা নাহিদ, আল্পনা, ওল্কা সিকদার, মুন্নি, মনি, আফরোজ ও বীনা। বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, বাংলাদেশ ছাত্র মৈত্রী, রমনা সাংস্কৃতিক সংগঠনসহ একাধিক সংগঠন অনশনরত ছাত্র-ছাত্রীদের সাথে একাত্মতা প্রকাশ করে।